

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সম্প্রসারণ-১ শাখা  
www.moa.gov.bd

নং-১২.০৫২.০২৭.০০.০০.০৮২.২০১৪-৯৫১

তারিখ : ০৯ জুলাই ২০১৫।

### প্রজ্ঞাপন

যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ হাবিবুর রহমান (পরিচিতি নং-১৫৭১), উপজেলা কৃষি কর্মকর্তা (এলআর), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, রাজাবালী, পটুয়াখালী) (সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে গত ১৮ আগস্ট ২০১৪ তারিখের “দৈনিক যুগান্তর” পত্রিকায় প্রকাশিত “রাজাবালিতে সারের জন্য হাহাকার” সংক্রান্ত সংবাদের ভিত্তিতে কৃষি মন্ত্রণালয়ের ২০ আগস্ট ২০১৪ তারিখের ১২.০৫২.০২৭.০০.০৮২.২০১৪-১৩৯৪ সংখ্যক প্রজ্ঞাপন মারফত কর্মস্থলে অনুপস্থিতি এবং কর্তব্য কাজে অবহেলার অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) মোতাবেক তাঁকে সরকারী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান (পরিচিতি নং-১৫৭১) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে মন্ত্রণালয়ের ০৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ১২.০৫২.০২৭.০০.০৮২.২০১৪-১৬৩৭ সংখ্যক স্মারক মারফত বিভাগীয় মামলা রুজুপূর্বক (মামলা নং-০৬/২০১৪) অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়;

যেহেতু, তাঁর জবাবের পরিপ্রেক্ষিতে গত ২৬ জানুয়ারি ২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় এ বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বর্তমানে উপ-সচিব) বেগম ফারহানা আইরিছ কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি হেতু “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে ২য় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান (পরিচিতি নং-১৫৭১) ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি নিজেই স্বীকার করেছেন;

যেহেতু, এক্ষেপে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত অপরাধ; এবং

যেহেতু জনাব মোঃ হাবিবুর রহমান (পরিচিতি নং-১৫৭১) কে উক্ত বিধিমালার ৩(বি) বিধিমাতে অসদাচরণ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁর ০১ টি বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় একত্রে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ হাবিবুর রহমান (পরিচিতি নং-১৫৭১), উপজেলা কৃষি কর্মকর্তা (এলআর), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, রাজাবালী, পটুয়াখালী) (সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁর ০১ (একটি) বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত (withholding of increment for one year) করা হলো; যা তার পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে কার্যকর হবে। তিনি ভবিষ্যতে কোন ক্ষেত্রেই আরোপিত দণ্ডের বেতন বৃদ্ধির (increment) সুবিধা প্রাপ্ত হবেন না এবং কোন বকেয়া প্রাপ্য হবেন না।

স্বাক্ষর

০২। কৃষি মন্ত্রণালয়ের ২০ আগস্ট ২০১৪ তারিখের ১২.০৫২.০২৭.০০.০৮২.২০১৪-১৩৯৪ সংখ্যক প্রজ্ঞাপন মারফত জারীকৃত সাময়িকভাবে বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

০৭/০৭/২০১৫

(শ্যামল কান্তি ঘোষ)


সচিব

নং-১২.০৫২.০২৭.০০.০০.০৮২.২০১৪-৯৫১

তারিখ : ০৯ জুলাই ২০১৫।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, খামারবাড়ি, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পটুয়াখালী।
৮. উপ-পরিচালক, সরকারী ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (সরকারী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. জনাব মোঃ হাবিবুর রহমান (পরিচিতি নং-১৫৭১), উপজেলা কৃষি কর্মকর্তা (এলআর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, রাজাবালী, পটুয়াখালী)।
১০. প্রধান হিসাব রক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১১. উপ-সচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ডোসিয়ারে সংরক্ষণের অনুরোধসহ)।
১২. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজাবালী, পটুয়াখালী।
১৩. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
১৪. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

  
(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)  
উপ-সচিব